গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
বাগেরহাট।

বিষয় : উপজেলা কৃষি অফিসারদের বিভাগীয় সভার কার্যবিবরণী।
তারিখ : ২৬/৯/২০২৩ খ্রিঃ
সময় : সকাল ১০.৩০ঘটিকা
স্থান : উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বাগেরহাট এর প্রশিক্ষণ কক্ষ।
সভাপতি : শঙ্কর কুমার মজুমদার
উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
বাগেরহাট।

সভায় উপস্থিত অফিসারবৃন্দ : পরিশিষ্ট-ক

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান হয়। কোন প্রকার সংশোধনী না থাকায় উহা বিনা সংশোধনীতে দৃঢ়ীকরন করা হয়। অতঃপর নিম্মলিখিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃনং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১ | প্রণোদনা: সভায় ২০২২-২৩ অর্থ বছরের সকল প্রণোদনা কর্মসূচি এবং ২০২৩-২৪/খরিপ-২ মৌসুমে রোপা আমন ধান আবাদ ও উৎপাদন বৃদ্ধি প্রণোদনা কর্মসূচি সম্পর্কে উপজেলা কৃষি অফিসারগণ জানান যে, প্রণোদনা কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ১. ২০২৩-২৪/খরিপ-২ মৌসুমে রোপা আমন ধান আবাদ ও উৎপাদন বৃদ্ধি প্রণোদনা কর্মসূচি যথাযথভাবে মনিটরিং করতে হবে।<br>২. নারিকেল চারা বিতরণ প্রণোদনা কর্মসূচির কার্যক্রম নিয়মিত মনিটরিং করতে হবে।<br>৩. কৃষককে প্রয়োজনীয় পরামর্শ প্রদান অব্যাহত রাখতে হবে। | ইউএও (সকল) বাগেরহাট জেলা। |
| ২ | **বালাই ব্যবস্থাপনা :** সভায় পোকামাকড়ের আক্রমন ও দমন এর জন্য নিয়মিত মাঠ পরিদর্শন করে প্রতিবেদন (সার্ভিলেন্স ও পাক্ষিক) নির্ধারিত সময়ে দাখিল এবং সার, কীটনাশকের ভেজাল প্রতিরোধে নমুনা সংগ্রহ ও আইনগত ব্যবস্থা গ্রহণ সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়। | ১. পাক্ষিক পোকামাকড় দমনের প্রতিবেদন এবং সার্ভিলেন্স প্রতিবেদন নির্ধারিত তারিখের মধ্যে ডিডিএই অফিস, বাগেরহাট প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>২. পোকামাকড় দমনের জন্য স্কোয়াড গঠন পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩. ভেজাল বালাইনাশক ও সার বাজারজাতকরণ রোধে নিয়মিত নমুনা সংগ্রহ করে পরীক্ষাগারে প্রেরনের ব্যবস্থা গ্রহণ করতে হবে প্রয়োজনে নির্বাহী ম্যাজিস্ট্রেট এর মাধ্যমে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।<br>৪. ইঁদুর নিধন সম্পন্ন পূর্বক প্রমানাদীসহ প্রতিবেদন দাখিল করতে হবে বিধায় সকলকে এ ব্যপারে সতর্ক থাকতে হবে। | ইউএও(সকল) বাগেরহাট ।<br>এইও(সকল), বাগেরহাট। |
| ৩ | **সার পরিস্থিতি:** সভায় সার মনিটরিং কার্যক্রম জোরদারকরণ প্রসংগে বিস্তারিত আলোচনা হয়। | ১. সার মনিটরিং বিষয়ে মহাপরিচালক, ডিএই, খামারবাড়ি, ঢাকার দেয় ৯টি নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করতে হবে।<br>২. সার মনিটরিং বিষয়ে কোন শৈথিল্য গ্রহণযোগ্য নহে। | ইউএও (সকল), বাগেরহাট জেলা। |
| ৪ | **ভেজাল সার সংক্রান্ত :** সভায় ভেজাল সার বাজারজাতকরণ রোধে কর্মতৎপরতা বৃদ্ধি এবং গৃহিত ব্যবস্থা সম্পর্কিত অগ্রগতি সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। এক শ্রেনীর অসাধু ব্যবসায়ী ভেজাল সার বাজারজাতকরণের অপচেষ্টায় লিপ্ত থাকার কারনে সাধারণ কৃষকগণ ক্ষতিগ্রস্থ হতে পারেন এবং ফসলের উৎপাদনশীলতা কমে যেতে পারে সম্পর্কে বিশদ আলোচনা হয়। | ১. ইউরিয়া ও ডিএই ছাড়া অন্যান্য সারগুলো পরীক্ষা করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২. পরীক্ষার রিপোর্ট রেজিস্টারে সংরক্ষণ করতে হবে।<br>৩. ভেজাল সার বাজারজাত রোধে নিয়মিত শক্তিশালী মনিটরিং কার্যক্রমসহ প্রয়োজনে মোবাইল কোর্ট পরিচালনার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৪. বাতিলকৃত জৈব সার সমূহ যাতে বাজারজাত না হয় সেজন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৫. সার পরীক্ষার ফি নিয়মিত নমুনা প্রেরনের মাধ্যমে খরচ করতে হবে। | ইউএও (সকল), বাগেরহাট জেলা। |

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৫ | **রবি ফসল আবাদ ঃ** সভায় আগামী রবি মৌসুমের ফসল আবাদ লক্ষ্যমাত্রা অর্জন সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়। | ১. রোপা আমনের জমিতে আগাম রবি শস্য আবাদের পরিকল্পনা গ্রহন করতে হবে।<br>২. আগামী রবি মৌসুমে লক্ষ্যমাত্রা অর্জণের সর্বাত্তক প্রচেষ্টা চালাতে হবে। | ইউএও (সকল), বাগেরহাট জেলা। |
| ৬ | **প্রশিক্ষণ, মাঠ দিবস ও উপকরণ বিতরণ:** বিভিন্ন প্রকল্পের আওতায় স্থাপিত প্রদর্শনীর মাঠ দিবস, প্রশিক্ষণ এবং উপরকরণ বিতরণ সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ১. স্থানীয় প্রশাসন সহ সংশ্লিষ্ট জনের সাথে সমন্বয় পূর্বক বিভিন্ন প্রকল্পের আওতায় স্থাপিত প্রদর্শনীর মাঠ দিবস, প্রশিক্ষণ এবং উপরকরণ বিতরণ কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।<br>২. প্রশিক্ষণ শুরুর ১ সপ্তাহ পূর্বে প্রশিক্ষণ সিডিউল প্রেরণ করতে হবে।<br>৩. নৈতিকতা বিষয়ক নিয়মিত প্রশিক্ষনের আয়োজন করতে হবে। | ইউএও (সকল), বাগেরহাট জেলা। |
| ৭ | **ওয়েব পোর্টাল :** ওয়েব পোর্টাল আপডেটকরণ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ১. ওয়েব পোর্টাল নিয়মিত আপডেট করতে হবে।<br>২. ওয়েব পোর্টালে কৃষি সেবার তালিকা, সিটিজেন চার্টার, ফটো গ্যালারি, মৌলিক তথ্যাবলী দেয় নমুনা মোতাবেক সন্নিবেশিত করতে হবে।<br>৩. মাসিক প্রতিবেদন নির্ধারিত ছকপত্র মোতাবেক প্রতি মাসের ১৯ তারিখের মধ্যে দাখিল করতে হবে। | ইউএও (সকল), বাগেরহাট জেলা। |
| ৮ | **বিসিএস (কৃষি) ক্যাডার কর্মকর্তাদের পিডিএস সংক্রান্ত:** বিসিএস (কৃষি) ক্যাডার কর্মকর্তাগণের বদলি, পদায়ন, পদোন্নতি ও পেনশনসহ বিভিন্ন ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তার ব্যকিগত তথ্য, চাকুরী তথ্য ও শিক্ষাগত যোগ্যতা হালনাগাদ করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ১. বিসিএস (কৃষি) ক্যাডার কর্মকর্তাগণের বদলি, পদায়ন, পদোন্নতি ও পেনশনসহ বিভিন্ন ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তার ব্যক্তিগত তথ্য, চাকুরী তথ্য ও শিক্ষাগত যোগ্যতা মহাপরিচালকের নির্দেশনা মোতাবেক হালনাগাদ করতে হবে। | সংশ্লিষ্ট বিসিএস (কৃষি) ক্যাডার কর্মকর্তা (সকল), বাগেরহাট। |
| ৯ | **নিয়মিত প্রতিবেদন দাখিল ঃ** অফিসের কাজের গতিশীলতা বৃদ্ধি ও মাঠের প্রকৃত অবস্থা জানার জন্য উপজেলা অফিস থেকে জেলা অফিসে নিয়মিত প্রতিবেদন প্রেরণ আবশ্যক। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ১. উপজেলা কৃষি অফিস থেকে নিয়মিতভাবে প্রতিবেদন সঠিক সময়ে জেলা কার্যালয়ে দাখিল এর বিষয়ে অধিকতর গুরুত্ব দিতে হবে।<br>২. DAE BAGERHAT এর Whats APP গ্রুপে নিয়মিত ভিজিট পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ইউএও (সকল), বাগেরহাট জেলা। |

সভায় উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বাগেরহাট জেলার কৃষি বিষয়ক কার্যক্রম গতিশীল ও ফলপ্রসু করার ওপর গুরুত্বারোপ করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

স্বাক্ষরিত/-
শঙ্কর কুমার মজুমদার
উপপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
বাগেরহাট

**স্মারক নং-১২.১৭.০১০০.০৩৯.০০৬.০০১.২৩.১১৬৮(১৯)** **তারিখ ঃ ২৬/৯/২০২৩খ্রিঃ।**

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে ঃ**

০১। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।
০২। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।
০৩। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খুলনা অঞ্চল, খুলনা।
০৪। জেলা প্রশিক্ষণ অফিসার, অত্র দপ্তর।
০৫। অতিরিক্ত উপপরিচালক (উদ্যান), অত্র দপ্তর।
০৬। উপজেলা কৃষি অফিসার, ------------------------------ (সকল), বাগেরহাট।
০৭। কৃষি প্রকৌশলী, অত্র দপ্তর।
০৮। উন্নয়ন/সংস্থাপন/হিসাব/গুদাম শাখা, অত্র দপ্তর।

শঙ্কর কুমার মজুমদার
উপপরিচালক
ফোন: ০২৪৭৭৭৫১৫৪৯
ddbagerhat@dae.gov.bd